

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৫৭৮

আগরতলা, ১০ অক্টোবর, ২০ ১৮

মুখ্যমন্ত্রী সকাশে
আমেরিকার রাষ্ট্রদূত

আমেরিকার রাষ্ট্রদূত কেনেথ জাস্টার আজ মহাকরণে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবের সঙ্গে সাক্ষাৎকারে মিলিত হন। কেনেথ জাস্টার দু'দিনের সফরে রাজ্যে এসেছেন। উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে এটাই তার প্রথম সফর। আজ তিনি রাজভবনে রাজ্যপাল প্রফেসর কাপ্তান সিং সোলাঙ্কির সঙ্গেও সাক্ষাৎকারে মিলিত হন। আমেরিকার রাষ্ট্রদূতের সম্মানে আজ রাজ্যের মুখ্যসচিব এল কে গুপ্তা রাজ্য অতিথিশালায় সাংস্কৃতিক অনুষ্ঠান এবং নৈশভোজের আয়োজন করেছেন। মার্কিন রাষ্ট্রদূতের এই সফর ভারত ও আমেরিকার দ্বিপাক্ষিক সম্পর্ক আরও শক্তিশালী করবে। এই সফর ভারত মার্কিন সম্পর্ক আরও নিবিড় করে গড়ে তুলতে ভূমিকা নেবে।
